তারিখঃ ০১ই মার্চ, ২০২০

জনাব মোহাম্মদ মনিরউজ্জামান
মহাব্যবস্থাপক
বেসিক ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়,
ঢাকা-১০০০।

বিষয়ঃ মুজিববর্ষ(২০২০)উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ে স্কুলে পুস্তক ও আলমারি বাছাই উপ-কমিটি প্রসঙ্গে।

মহোদয়,

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এবং মুজিববর্ষে (২০২০) বেসিক ব্যাংক লিঃ বিভাগীয় পর্যায়ে স্কুল নির্বাচন এবং পুস্তক ও আলমারী বিতরণ কর্মসূচী গ্রহণ করেছে। এ লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে নির্বাচিত স্কুলে আপনার তত্বাবধানে এবং নিম্নে উল্লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করা হলঃ

| | | |
|---|---|---|
| ১। জনাব মোহাম্মদ মনিরউজ্জামান, | মহাব্যবস্থাপক | সভাপতি |
| ২। জনাব এ এস এম রওশানুল হক, | মহাব্যবস্থাপক | সদস্য |
| ৩। জনাব শংকর তালুকদার, | সহকারী ব্যবস্থাপক | সদস্য |
| ৪। জনাব মোঃ তারিকুল ইসলাম, | কর্মকর্তা | সদস্য |

উল্লেখ্য যে, বঙ্গবন্ধু-স্বাধীনতা-বাংলাদেশ এই বিষয়কে প্রাধান্য দিয়ে সাহিত্য, বিজ্ঞান ও শিশুতোষ সহ অন্যান্য ভাল বই বাছাই প্রক্রিয়ায় থাকবে ।

উক্ত মানদন্ড অনুযায়ী আপনার নেতৃত্বের উপ-কমিটি বিভাগীয় পর্যায়ের নির্বাচিত বিদ্যালয়সমূহে আলমারিসহ পুস্তক বিতরণ করে মুজিববর্ষের কর্মসূচী বাস্তবায়ন করবে। উল্লেখ্য, ঢাকা বিভাগের পুস্তক ও আলমারি বিতরনের ঘোষিত সম্ভাব্য তারিখ ০৮ই এপ্রিল ২০২০ ।

মোঃ মোজাম্মেল হোসেন,
আহবায়ক, মুজিববর্ষ (২০২০) উদযাপন কমিটি

Received by
Ziaul Haq Didar
09/03/2020

Received
Shaikh Sadi
09.03.20

BASIC

সূত্র নং- বেসিক/প্রঃকাঃ/এমডি'স অফিস/২০২০/ ২৭৩৮
তারিখঃ মার্চ ০২, ২০২০

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোহাম্মদ শফিউল আলম, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মুজিববর্ষে কর্মপরিকল্পনা মোতাবেক বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের পত্র সূত্র নং ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.২০-১৭৮ তারিখঃ ২০ ফেব্রুয়ারী, ২০২০ মোতাবেক মুজিববর্ষ উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার ফেব্রুয়ারী-২০২০ এর অগ্রগতি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

মোঃ রফিকুল আলম
ব্যবস্থাপনা পরিচালক
বেসিক ব্যাংক লিমিটেড

COPY

Received
৩/৩/২০

# বেসিক ব্যাংক লিমিটেড
## প্রধান কার্যালয়, ঢাকা

মাসের নামঃ-ফেব্রুয়ারী ২০২০

| ক্রমিক নং | মন্ত্রনালয়/বিভাগের নাম | কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচী | কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বেসিক ব্যাংক লিমিটেড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রলায় । | "মুজিববর্ষ"-২০২০ ক্যালেন্ডার প্রবর্তন । | জানুয়ারী-ফেব্রুয়ারী ২০২০ এর মধ্যে মুজিববর্ষের ক্যালেন্ডার বিতরন সম্পন্ন হয়েছে । | |
| ২ | বেসিক ব্যাংক লিমিটেড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রলায় । | ওয়েবসাইট ক্ষণ গণনা | বেসিক ব্যাংক লিমিটেড এর ওয়েবসাইট এ জন্ম শতবার্ষিকীর ক্ষণ গণনা শুরু হয়েছে । | |
| ৩ | বেসিক ব্যাংক লিমিটেড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রলায় । | ফেস্টুন ও ডিসপ্লে বোর্ড স্থাপন | মুজিববর্ষ উদযাপনে বেসিক ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়সহ প্রতিটি শাখায় ফেস্টুন ও ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে । | |
| ৪ | বেসিক ব্যাংক লিমিটেড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রলায় । | মুজিববর্ষের লোগো সম্বলিত লেটারহেড প্যাড চালুকরণ। | বেসিক ব্যাংক লিমিটেড এ মুজিববর্ষের লোগো সম্বলিত লেটারহেড প্যাড ব্যবহৃত হচ্ছে । | |
| ৫ | বেসিক ব্যাংক লিমিটেড, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রলায় । | মুজিববর্ষের লোগো সম্বলিত "কোটপিন" ধারণ । | বেসিক ব্যাংক লিমিটেড এর সকল কর্মকর্তা কর্মচারী মুজিববর্ষে কোটপিন ধারন করছে । | |

মোহাম্মদ মুসা খান
উপ-মহাব্যবস্থাপক ও
ফোকাল পার্সন, বেসিক ব্যাংক লিমিটেড

মোঃ মোজাম্মেল হোসেন
মহাব্যবস্থাপক ও আহবায়ক
মুজিববর্ষ উদযাপন কমিটি
বেসিক ব্যাংক লিমিটেড

BASIC Bank Limited
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
Head Office, Dhaka

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

সার্কুলার নং-বেসিক/প্রঃকাঃ/২০২০/৩৩৫৮
তারিখঃ মার্চ ১৫, ২০২০

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতি বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের জনসাধারণের স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনসমাবেশ পরিহার পূর্বক ১৭ই মার্চের উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের জন্য সদয় অনুশাসন প্রদান করেছেন। সে অনুযায়ী বেসিক ব্যাংক লিমিটেড ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন নিম্নোক্তভাবে পালনের সিদ্ধান্ত গ্রহন করেছেঃ

১) ১৭ই মার্চ ২০২০ তারিখে শাখায় জাতীয় পতাকা উত্তোলন।

২) প্রতিটি শাখা তাদের ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান –এর ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত সামঞ্জস্যপূর্ন মাপ অনুযায়ী ড্রপডাউন ব্যানার ব্যবহার ও মুজিববর্ষ উদযাপনের সাথে সমঞ্জস্যপূর্ন ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে শাখা সজ্জিতকরণ।

৩) প্রধান কার্যালয়সহ প্রতিটি শাখায় আলোক সজ্জার ব্যবস্থাকরণ, সৌন্দর্যবর্ধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ।

সুতরাং, উপর্যুক্ত কার্যক্রম যথাসময়ে গুরুত্ব প্রদান করে পালনের নির্দেশ প্রদান করা যাচ্ছে।

মোঃ মোজাম্মেল হোসেন
মহাব্যবস্থাপক
আহবায়ক, মুজিব বর্ষ-২০২০ উদ্‌যাপন কমিটি

বেসিক ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

www.basicbanklimited.com

সার্কুলার/বেসিক/প্রঃকাঃ/২০২০/

তারিখঃ- ০২ মার্চ, ২০২০

দৃষ্টি আকর্ষণঃ সকল শাখা/বিভাগ/ইউনিট/সেল/বিবিটিআই, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়: মুজিববর্ষে (২০২০) বেসিক ব্যাংক লিমিটেড এর "পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর"কার্যক্রমের বিস্তারিত কর্ম পরিকল্পনা।

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদযাপনকে উপলক্ষ করে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার উদ্দেশ্যে সরকার "পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর" কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ ও এর আওতাধীন সকল সংস্থাকে নির্দেশনা প্রদান করেছেন। প্রাকৃতিক পরিবেশ ও মানুষের বসবাসের পরিবেশের উন্নয়নে এ ধরণের কর্মসূচী অত্যন্ত সময়োপযোগী। এমতাবস্থায়, বেসিক ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মুজিব বর্ষ উপলক্ষে সরকারের গৃহীত কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কার্যক্রমসমূহ গ্রহণ ও পরিপালনের নির্দেশনা প্রদান করছেঃ

১। মার্চ ২০২০ এর দ্বিতীয় সপ্তাহকে বেসিক ব্যাংক লিঃ "পরিচ্ছন্নতা সপ্তাহ" হিসাবে পালন করবে। এজন্য ব্যাংকের প্রধান কার্যালয়সহ শাখাসমূহ ব্যানার স্থাপন করে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চালানো;

২। প্রধান কার্যালয়সহ প্রতিটি শাখার চেয়ার, টেবিল, ফাইল, কেবিনেট, কম্পিউটারসহ অন্যান্য সামগ্রী পরিস্কার-পরিচ্ছন্ন ও গুছিয়ে (দৃষ্টিনন্দনভাবে) রাখা।

৩। শাখার অভ্যন্তর ও বহির্ভাগের মেঝে এবং টয়লেটসমূহ প্রতিদিন দু'বার পরিস্কার করার ব্যবস্থা করতে হবে, প্রয়োজনে এয়ার ফ্রেশনার ব্যবহার করতে হবে। এ সকল কাজ নিশ্চিত ও তদারকিকরণে পরিচ্ছন্নতাকর্মীর জন্য রেজিস্টার ব্যবস্থা চালু করা;

৪। ব্যাংকের শাখাসমূহের চারপাশে পরিস্কার রাখাসহ প্রবেশের রাস্তা ও সিঁড়ি পরিস্কার ও সুসজ্জিত করা;

৫। দেশে ডেঙ্গুর অবাধ বিস্তার প্রতিরোধ কার্যক্রমে পরিচ্ছন্নতা সংশ্লিষ্ট বিষয়গুলির সাথে সমন্বয় করে শাখাসমূহের পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ;

৬। প্রতিটি শাখা তার সাইনবোর্ডসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনে নতুন সাইনবোর্ড দ্বারা পুরনো সাইনবোর্ড বা সাইনবোর্ডসমূহ প্রতিস্থাপন করা;

৭। ব্যাংকের অভ্যন্তরস্থ অপ্রয়োজনীয় সবকিছু (যেমন ফাইল, কাগজপত্র, অব্যবহৃত ইউপিএস, কম্পিউটার, চেয়ার-টেবিল) অন্যত্র (স্টোর/গোডাউনে) স্থানান্তর করা;

৮। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পরিস্কার-পরিচ্ছন্ন ও মার্জিত পোশাক পরিধান করে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখা;

৯। পরিচ্ছন্নতা কার্যক্রম পরিপালনের জন্য প্রধান কার্যালয়সহ প্রতিটি শাখায় শাখা প্রধানসহ অন্য দুজন কর্মকর্তার সমন্বয়ে "পরিস্কার-পরিচ্ছন্নতা পরিপালন কমিটি" গঠন করা;

উল্লিখিত সকল কার্যক্রম ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের অর্ন্তভুক্ত থাকবে এবং প্রতিবছর একটি শাখাকে 'বেস্ট কমপ্লায়েন্স এওয়ার্ড' প্রদানের ব্যবস্থা করা হবে। এছাড়াও প্রধান কার্যালয়ের নির্বাহীগণ বা উপযুক্ত প্রতিনিধিগণ পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পর্যবেক্ষণ ও মূল্যায়নে আকস্মিক পরিদর্শনে যাবেন।

সুতরাং যথাযথ গুরুত্ব প্রদান করে সংশ্লিষ্ট সকলকে "পরিচ্ছন্নতা সপ্তাহ" পরিপালনের নির্দেশনা প্রদান করা হল এবং এজন্য উল্লিখিত সকল কার্যক্রম দালিলিকীকরণের ব্যবস্থা করতে অনুরোধ করা হল।

মোঃ মোজাম্মেল হোসেন,
আহবায়ক, মুজিব বর্ষ-২০২০ উদযাপন কমিটি;

মোঃ রফিকুল আলম
ব্যবস্থাপনা পরিচালক